

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ আখলাক ও ব্যবহার রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কিবলার দিকে মুখ করে পেশাব পায়খানা করা নিষেধ জানি, কিন্তু সে দিকে থুথু ফেলাও কি নিষেধ? কিবলার দিকে থুথু ফেলা নিষেধ হওয়ার ব্যাপারটা কি নামাযের মধ্যে সীমিত নয়?

আনাস (রঃ) বলেন, নবী (সঃ) কিবলার (দিকের দেওয়ালে) থুথু দেখতে পেলেন। এটা তাঁর প্রতি খুব ভারী মনে হল; এমনকি তাঁর চেহারার সে চিহ্ন দেখা গেল। ফলে দাঁড়ালেন এবং তিনি তা নিজ হাত দ্বারা ঘসে তুলে ফেললেন। তারপর বললেন, "তোমাদের কেউ যখন নামাযে দাঁড়ায়, তখন সে তাঁর প্রতিপালক এর সাথে (কানেকানে ফিসফিস করে) কথা বলে। আর তাঁর প্রতিপালক তাঁর ও তাঁর কিবলার মধ্যস্থলে থাকেন। সুতরাং তোমাদের কেউ যেন কিবলার দিকে থুথু না ফেলে; বরং তাঁর বামে ও পদতলে ফেলে। অতঃপর তিনি তাঁর চাদরের এক প্রান্ত ধরে তাতে থুথু নিক্ষেপ করলেন। তারপর তিনি তাঁর এক অংশকে আর এক অংশের সাথে রগড়ে দিয়ে বললেন, কিংবা এইরূপ কর।" (বুখারি-মুসলিম)

এ নিষেধ হল নামাযের ব্যাপারে। কিন্তু আমভাবেও কিবলার দিকে থুথু ছুড়ে ফেলতে নিষেধ এসেছে। কিবলার প্রতি আদব প্রদর্শনের নির্দেশ দিয়ে আল্লাহর রাসুল (সঃ) বলেছেন, "কিবলার দিকে যে কফ ফেলে, তাঁর চেহারায় ঐ কফ থাকা অবস্থায় সে ব্যক্তিকে কিয়ামতের দিন পুনরুখিত করা হবে।" (বাযযার, ইবনে খুযাইমাহ, ইবনে হিবরান, সহিহ তারগিব ২৮১ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2100

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন